

নথি নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০৩.২০১১(অংশ-২)/২৮

তারিখ : ২৪/০১/২০১২ খ্রিঃ।

প্রেস-বিজ্ঞপ্তি

২৯ তম বিসিএস-এর লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডারপদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের মধ্য থেকে ১ম শ্রেণীর নন-ক্যাডার পদে নিয়োগের জন্য সরকার কর্তৃক জারিকৃত নিয়োগ বিধিমালা- ২০১০ অনুসরণে আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সাব রেজিস্ট্রার পদে ২ (দুই) জন প্রার্থীর ফলাফল তথ্য বিদ্রাট/প্রশাসনিক কারণে কমিশন কর্তৃক ২৭/১০/১১ তারিখে প্রকাশিত ফলাফলের প্রেস বিজ্ঞপ্তিতে স্থগিত রাখা হয়েছিল। এ বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট সংশ্লিষ্ট প্রার্থীদের যথাযথ প্রমাণপত্র দাখিল করায় উল্লিখিত ২ (দুই) জন প্রার্থীর ফলাফলের উপর স্থগিতাদেশ কমিশন প্রত্যাহার করে তাদেরকে নিয়োগের জন্য সাময়িকভাবে (Provisionally) সুপারিশ করেছে :

আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ


পদের নাম : সাব-রেজিস্ট্রার

রেজিঃ নম্বর- ০৪৩৫৯৫, ০৪৫৩৬৭ = ২ জন।

২। পরবর্তীকালে যে কোন সময় কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর (Substantive) ত্রুটি পরিলক্ষিত হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেসী কর্তৃক প্রাক নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাই এর পর প্রার্থীদেরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিয়োগ প্রদান করবে। সুপারিশকৃত প্রার্থীদেরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩। উল্লেখ্য, নন-ক্যাডার পদের নিয়োগ বিধিমালা-২০১০ অনুসরণ করে ৩০ বিসিএস-এর চূড়ান্ত সুপারিশ প্রকাশের পূর্বেই অর্থাৎ ২৭/১০/২০১১ তারিখে প্রকাশিত ফলাফলের প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখিত প্রার্থীদের সুপারিশ স্থগিত করা হয়েছিল।

৪। এ প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এ পাওয়া যাবে।




(আ.ই.ম. নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।

নথি নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০৩.২০১১(অংশ-২)/ ২৮(৩০)

তারিখ : ২৪/০১/২০১২ খ্রিঃ।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
দৈনিক সংবাদ পত্রসমূহে জরুরী ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মাধ্যম সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে। প্রেস বিজ্ঞপ্তির ২০ (কুড়ি) টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হ'ল।
- ২। মূখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হ'ল।
- ৩। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হ'ল।
- ৪। বাংলাদেশ সংবাদ সংস্থা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
(তাঁকে প্রেস বিজ্ঞপ্তিটি ওয়েবসাইট-এ প্রদানের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো)।



(আ.ই.ম. নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।